



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৫-০৭-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিসিপ্লিনারী কমিটির এক সভা গত ১৯-০৭-২০২১ তারিখ রোজ সোমবার বিকাল ৫:৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব মেজবাহ উদ্দীন।

সভায় আলোচ্যসূচীসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

১। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ২৭-০৬-২০২১ তারিখ অনুষ্ঠিত আবাহনী লিঃ ঢাকা বনাম মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর মধ্যকার খেলা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

গত ২৭-০৬-২০২১ তারিখ আবাহনী লিঃ ঢাকা বনাম মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর মধ্যকার খেলার ৯ মিনিটের সময়ে, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক জনাব মোঃ শফিউল ইসলাম এমপি'র স্টেডিয়ামের ১ নং গেইট দিয়ে প্রবেশের সময় মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর প্রায় ৪০ জন দর্শক/ সর্মথক কোভিড-১৯ প্রটোকল ভেঙ্গে গেইটে দায়িত্বরত গার্ডকে বাধা দিয়ে এবং তার হাতে আঘাত করে স্টেডিয়ামে প্রবেশ করতঃ স্টেডিয়ামের রেড বক্সের নিচে অবস্থান করে, এসময়ে আবাহনী লিঃ ঢাকার কিছু দর্শক/ সর্মথক স্টেডিয়ামের একই গেইট দিয়ে প্রবেশে করায় বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক ডিসিপ্লিনারী কোডের ধারা ৭০ অনুযায়ী মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং আবাহনী লিঃ ঢাকা কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ৩০-০৬-২০২১ তারিখ অনুষ্ঠিত মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ বনাম বসুন্ধরা কিংস খেলা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর খেলোয়াড় জনাব আহসান হাবিব বিপু (জার্সি নং ১), জনাব মোঃ ফরহাদ মনা (জার্সি নং ২১) ও দুইজন বল বয় আল আমিন ও ফরহাদ রেফারীর একটি সিদ্ধান্তকে কেন্দ্র করে সহকারী রেফারীর দিকে তেড়ে আসে এবং গালিগালাজ করে, এছাড়াও বাফুফে কর্তৃক যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে ও দর্শক শূণ্য মাঠে খেলা আয়োজনের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর কতিপয় দর্শক/ সর্মথক বাফুফের নির্দেশনা অমান্য করে ১নং গেইট দিয়ে প্রবেশ করে ও অশ্লীল ভাষায় গালিগালাজ করে। উল্লেখিত ঘটনার প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর খেলোয়াড় জনাব আহসান হাবিব বিপু ও জনাব মোঃ ফরহাদ মনাকে কঠোর সতর্ক করণসহ ভবিষ্যতে অনুরূপ কার্যক্রম হতে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবে ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপের পুনরাবৃত্তি হলে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক তার বিরুদ্ধে অধিকতর কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ দলের বলবয় আল আমিন ও ফরহাদকে তাদের নিজ দলের পক্ষে পরবর্তী ৪টি খেলা হতে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণসহ মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ কে উল্লেখিত ঘটনাসমূহের প্রেক্ষিতে ৪৫০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা আর্থিক জরিমানার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর গত ১৩-০৭-২০২১ তারিখ অনুষ্ঠিত বসুন্ধরা কিংস বনাম আতাউর রহমান ভূইয়া কলেজ এসসি এর মধ্যকার খেলায় বসুন্ধরা কিংস এর পুরুষ ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. Oscar William Bruzon Barreras ম্যাচ শুরু হওয়ার পূর্বে এবং বিরতীর সময়ে অবৈধভাবে মাঠে প্রবেশ করা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর গত ১৩-০৭-২০২১ তারিখ অনুষ্ঠিত বসুন্ধরা কিংস বনাম আতাউর রহমান ভূইয়া কলেজ এসসি এর মধ্যকার খেলায় বসুন্ধরা কিংস এর পুরুষ ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. Oscar William Bruzon Barreras ম্যাচ শুরু হওয়ার পূর্বে এবং পুনরায় মধ্য বিরতীর সময় সংশ্লিষ্ট প্রতিযোগিতার এ্যাক্রিডিটেশন কার্ড ব্যতীত মাঠে প্রবেশ করায় বসুন্ধরা কিংস এর প্রধান প্রশিক্ষক Mr. Oscar William Bruzon Barreras কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানার সিদ্ধান্ত গৃহীত হয়।

Shahid

খালিদ মাহমুদ নওমী

এক্সিকিউটিভ-মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।